রসায়ন ডিসিপ্লিন

খুলনা বিশ্ববিদ্যালয়,খুলনা

এমএস (রসায়ন) ভর্তি বিজ্ঞপ্তি, শিক্ষাবর্ষ ২০২৬-২০২৭

২০২৬-২০২৭ সেশনে খুলনা বিশ্ববিদ্যালয়ের রসায়ন ডিসিপ্লিনে MS in Chemistry, MS in Organic Chemistry, MS in Inorganic Chemistry এবং MS in Physical Chemistry প্রোগ্রামে ভর্তি সংক্রান্ত তথ্যাবলী:

১. প্রোগ্রামের ধরণ ও মেয়াদ:

ক) **MS in Chemistry (by course work) - 01 year, 02 terms**

খ) **MS in Organic Chemistry/MS in Inorganic Chemistry/MS in Physical Chemistry (by Mixed Mode with Dissertation) 1.5 year, 03 terms**

২. আসন সংখ্যা: মোট আসন সংখ্যা ৪০ (চল্লিশ)।

৩. খুলনা বিশ্ববিদ্যালয় অথবা দেশী/বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে ৩/৪ বছরের স্নাতক (সম্মান) ডিগ্রী থাকতে হবে (যা ইউজিসি কর্তৃক সমমানের ডিগ্রী হিসেবে স্বীকৃত হতে হবে)

৪. প্রার্থীকে কমপক্ষে ১৬ (ষোল) বছর শিক্ষাকাল শেষ করতে হবে অথবা ০৩(তিন) বছরের স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রী অর্জনকারীদের ক্ষেত্রে ১৫ (পনের) বছর শিক্ষাকাল ও ০২(দুই) বছরের চাকরীর অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে স্নাতক/ স্নাতক(সম্মান) পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ২.৫০/২য় শ্রেণী প্রাপ্ত হতে হবে।

৫. Appeared certificate দিয়ে আবেদন করা যাবে তবে ক্লাস শুরুর পর থেকে ০২ (দুই) মাসের মধ্যে প্রয়োজনীয় সনদপত্র জমা দিতে হবে। অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৬. **আবেদনপত্র** ও MS Research Supervisor এর **Consent Letter** নিজ দায়িত্বে ওয়েবসাইট www.ku.ac.bd এবং discipline.ku.ac.bd/chem থেকে সংগ্রহ করে তার সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করে নির্ধারিত সময়ের মধ্যে রসায়ন ডিসিপ্লিনের অফিসে জমা দিতে হবে:

ক) MS in Chemistry প্রোগ্রাম ব্যতীত অন্য প্রোগ্রামসমূহের (MS in Organic Chemistry, MS in Inorganic Chemistry এবং MS in Physical Chemistry) ক্ষেত্রে MS Research Supervisor এর **Consent Letter**

খ) সকল পরীক্ষার গ্রেডশীট ও সনদপত্রের কপি।

গ) আবেদনপত্রের নির্ধারিত স্থানে সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

ঘ) আবেদনের ফি বাবদ ১৫০০/-(এক হাজার পাঁচশো) টাকা "প্রধান, রসায়ন ডিসিপ্লিন" এর অনুকুলে (চলতি হিসাব নং- 0200003394472, অগ্রণী ব্যাংক, খুবি শাখা) জমা দেওয়ার রশিদ।

ঙ) চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে অধ্যয়নকালের জন্য পূর্ণ ছুটির নিশ্চয়তার সার্টিফিকেট ভর্তির সময় দাখিল করতে হবে।

চ) চাকুরীর অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)।

৭. ভর্তি পরীক্ষার ফলাফল এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী নিজ দায়িত্বে ওয়েবসাইট www.ku.ac.bd এবং discipline.ku.ac.bd/chem থেকে জেনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৮. যোগ্য প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৯. ভর্তি সংক্রান্ত তারিখসমূহ:

ক) ভর্তি ফরম জমা দেওয়ার শেষ সময় : ২০-১২-২০২৬ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত

খ) যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ : ২৪-১২-২০২৬ খ্রি.

গ) ভর্তি পরীক্ষার তারিখ : **০৩-০১-২০২৭ খ্রি.**
সকাল ১০.০০টা থেকে (লিখিত)
দুপুর ১২.০০টা থেকে (মৌখিক)

ঘ) উত্তীর্ণ প্রার্থীদের চুড়ান্ত তালিকা প্রকাশ : ০৪-০১-২০২৭ খ্রি.

ঙ) সাধারণ আসন ও কোটা তালিকা থেকে ভর্তি : ০৫-০১-২০২৭ থেকে ১০-০১-২০২৭ খ্রি.

চ) অপেক্ষমান তালিকা থেকে ভর্তি : ১১-০১-২০২৭ খ্রি.

ছ) কোর্স রেজিস্ট্রেশন ও ক্লাস শুরুর তারিখ পরবর্তীতে জানানো হবে (বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী)।

বি.দ্র. i) খুলনা বিশ্ববিদ্যালয়ের Ordinance for Master Programme-2022 এর ১০.১ ধারা অনুযায়ী প্রতিটি প্রোগ্রামে ন্যূনতম ০৭ (সাত) জন শিক্ষার্থী রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। তা না হলে প্রোগ্রামটি চালু করা যাবে না।

ii) ভর্তি পরীক্ষায় মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্র ও গ্রেডশীট/ট্রান্সক্রিপ্টের মুলকপি সঙ্গে আনতে হবে।

১০. ভর্তি সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য অফিস চলাকালীন সময়ে **০১৯১১-৫৭৬৯৪৪** মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

১১. ভর্তি বিষয়ক যে কোনো নিয়ম-কানুন পরিবর্তন, পরিবর্ধণ, সংযোজন ও বিয়োজনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

10.11.26

(অধ্যাপক ড. মো: মহিউদ্দিন)
সভাপতি
এমএস (রসায়ন) ভর্তি কমিটি
শিক্ষাবর্ষ: ২০২৬-২০২৭
ও
প্রধান
রসায়ন ডিসিপ্লিন
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা